দৈনিক ইনকিলাব

তারিখ 07 ... 1986
পৃষ্ঠা ... 1 ... কলাম 7 ...

C00027

# মেডিকেল কলেজগুলোতে ভর্তি বন্ধ করা হয়নি
## —স্বাস্থ্যমন্ত্রী

সরকার গতকাল সুস্পষ্টভাবে বলেছেন, মেডিকেল কলেজগুলোতে ভর্তি বন্ধ করা হয়নি। ৩ মাসের জন্য সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। খবর বাসস'র।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রী জনাব সালাউদ্দিন কাদের চৌধুরী গতকাল ঢাকায় এক সাংবাদিক সম্মেলনে বলেন, এ সাময়িক স্থগিতের ফলে কেহ ক্ষতিগ্রস্ত হবে না। কারণ এ ৩ মাসে মেডিকেল কলেজগুলোতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় না।

তিনি বলেন, একটি উচ্চক্ষমতাসম্পন্ন কমিটির মাধ্যমে চিকিৎসা শিক্ষার সামগ্রিক মূল্যায়ণ ও পরীক্ষা-নিরীক্ষার পর এমবিবিএস কোর্সের গ্রহণযোগ্য এবং অধিক যুগোপযোগী পাঠ্যসূচীর সুপারিশসহ পরামর্শ গ্রহণের জন্য সরকার ভর্তি সম্পর্কে এ সাময়িক

শেষ পৃঃ ৭-এর কঃ দেখুন

## মেডিকেল

প্রথম পৃষ্ঠার পর

স্থগিত আদেশ জারী করেছেন। তিনি জানান, বিভিন্ন রাজনৈতিক দলের সংসদ সদস্যদের নিয়ে ৭ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। এ কমিটিকে তাৎক্ষণীকভাবে কার্যকর করা হয়েছে।

এ কমিটির নেতৃত্ব দেবেন সংসদ সদস্য আব্দুর রশীদ ইঞ্জিনিয়ার, কমিটির অন্যান্য সদস্যরা হলেন, আ, স, ম, আব্দুর রব, সুরঞ্জিত সেন গুপ্ত, মতিয়ুর রহমান, এম, মুরশেদ খান, শেখ ফজলুল করীম সেলিম এবং সযেদা সখিনা ইসলাম। ইতিমধ্যে কমিটির সদস্যরা তাদের কাজ আরম্ভ করে দিয়েছেন।

চিকিৎসা মহাবিদ্যালয়ে 'ভর্তি বন্ধ' সম্পর্কে কিছু কিছু সংবাদ পত্রে প্রকাশিত প্রতিবেদন ও রাজনৈতিক নেতাদের বিবৃতিকে বিভ্রান্তিকর হিসেবে উল্লেখ করে তিনি বলেন, সরকার কোন অবস্থায়ই ভর্তি বন্ধ করেননি। এ প্রসংগে তিনি রাজনৈতিক নেতাদেরকে গঠনমূলক মনোভাব নিয়ে এগিয়ে আসার আহবান জানান।

ইন্টার্নী ডাক্তারদের বিক্ষোভের কথা উল্লেখ করে মন্ত্রী বলেন, তাদের চাকুরীর নিশ্চয়তার বিধান করা সম্ভব নয়। তা হলে বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের চাকুরীর নিশ্চয়াতা বিধান করতে হবে। তা আমাদের মত সীমিত সম্পদের দেশের পক্ষে সম্ভব নয়।